শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

## ফেব্রুয়ারি/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৮/০২/২০২৪, দুপুর ০১.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় জানুয়ারি/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগ হতে থোক বরাদ্দ হিসেবে প্রাপ্ত ০৩ কিস্তি ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ হিসাব করে এবং ১০% অতিরিক্তসহ গৃহীত প্রকল্প/স্কীম যাচাই বাছাই কমিটির সুপারিশকৃত স্কীমসমূহ অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করা হলো:

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | তহবিলের নাম | প্রাক্কলিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | তেতলী | বড় বেটুয়ারপাড় লতিপুর সিরাজ মিয়ার বাড়ির সামন হইতে মুজিবুর রহমান গংদের বাড়ীর সামন পর্যন্ত ড্রেইন নির্মাণ। | এডিপি | ২,০০,০০০.০০ | ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় স্থানীয় সরকার বিভাগ হতে থোক বরাদ্দ হিসেবে প্রাপ্ত ০৩ কিস্তি ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ হিসাব করে এবং ১০% অতিরিক্তসহ ০১ হতে ৩৬ নং পর্যন্ত এলটিএম পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে |
| ০২ | তেতলী ইউনিয়ন | দক্ষিণ বলদী জান্নাতুল মাওয়া ইসলামী একাডেমীর সামন হইতে কয়েছ মিয়ার বাড়ির সামন পর্যন্ত সিসি ঢালাই। | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ০৩ | তেতলী ইউনিয়ন | অতিরবাড়ী মেইন রাস্তার সামন হইতে আবুল হাসনাত গংদের বাড়ীর সামন পর্যন্ত সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ০৪ | তেতলী ইউনিয়ন | পুরান তেতলী সরকারি প্রধান সড়ক হতে আলাউদ্দিন মিয়া গংদের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ৬,০০,০০০.০০ | |
| ০৫ | তেতলী ইউনিয়ন | তেতলি ইউনিয়নের দক্ষিণ আহমদপুর জামে মসজিদের সামন হইতে তজয় মিয়ার বাড়ির সামন পর্যন্ত সিসি ঢালাই | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ০৬ | মোল্লারগাঁও ইউনিয়ন | ০২নং ওয়ার্ডের খিদিরপুর গ্রামের মসজিদের পশ্চিম দিক হইতে দেওয়ান মতিউর রহমানের বাড়ীর সামন পর্যন্ত সিসি ঢালাই। | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ০৭ | মোল্লারগাঁও | লতিপুর হাজী ফরজান আলী সাহেবের বাড়ি ও | এডিপি | ৩,০০,০০০.০০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ইউনিয়ন | রাস্তার পাশে ড্রেইন নির্মাণ। | | | অনুমোদিত হয় এবং ৩৮ হতে ৪৩ নং প্রকল্পসমূহ আরএফকিউ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ০৮ | মোল্লারগাঁও ইউনিয়ন | লতিপুর কবর স্থানের দেয়াল নির্মাণ। | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ০৯ | মোল্লারগাঁও ইউনিয়ন | হাজরাই মাঝপাড়া উত্তর জামে মসজিদ সংলগ্ন কবরস্থানের পাশের রাস্তায় গাইডওয়াল নির্মাণ। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ১০ | মোগলাবাজার ইউনিয়ন | মুক্তির চর গ্রামের পঞ্চায়েতি মসজিদের রাস্তার পুর্বপ্রান্তে আব্দুল মালিক মিয়ার বাড়ীর পশ্চিম হতে মসজিদ মুখী রাস্তায় ড্রেইন নির্মাণ কাজ | এডিপি | ২,৫০,০০০.০০ | |
| ১১ | মোগলাবাজার ইউনিয়ন | নইখাই মাঝপাড়া আর সি সি রোড হতে তৈয়ব আলী গংদের বাড়ীর রাস্তায় সি সি ঢালাই কাজ। | এডিপি | ১,৫০,০০০.০০ | |
| ১২ | মোগলাবাজার ইউনিয়ন | বারইগ্রাম মাঝপাড়া পুরাতন জামে মসজিদের সম্মুখ পাকা সড়ক হতে মাওলানা মো: আজিজুর রহমান সাহেবের বাড়ি অভিমুখী রাস্তা আরসিসি ঢালাই | এডিপি | ১,৫০,০০০.০০ | ৪৪ নং স্কীম এডিপি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ১৩ | মোগলাবাজার ইউনিয়ন | ৭নং ওয়ার্ডের ধরমপুর ইট সলিং রাস্তা হতে জামাল উদ্দিন গংদের পাড়ার রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ১৪ | মোগলাবাজার ইউনিয়ন | রাঘবপুর (পশ্চিমপাড়া) মতিউর সাহেবের বাড়ির সামন হতে ফরিদ মিয়ার বাড়ির সম্মুখ পর্যন্ত সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ১৫ | দাউদপুর ইউনিয়ন | সুড়িগাঁও মানিক মিয়ার বাড়ি হইতে পশ্চিম দিকে বশির মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তার অবশিষ্ট অংশ সি সি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | অতিরিক্ত ১০% টাকা বরাদ্দ না পাওয়া গেলে ৩৮ থেকে ৪২ নং পর্যন্ত উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করা হবে। |
| ১৬ | দাউদপুর ইউনিয়ন | সিকন্দরপুর লয়লু মিয়ার কালভার্ট হইতে রেঙ্গা আশুগঞ্জ বাজার পর্যন্ত সি সি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ১৭ | দাউদপুর ইউনিয়ন | দৌলতপুর মরহুম গিয়াস উদ্দিন সাহেবের বাড়ির দক্ষিণ হতে পানিগাঁও উত্তরের বায়তুল মুয়াজ্জম জামে মসজিদের গেইট পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ৩,০০,০০০.০০ | |
| ১৮ | দাউদপুর ইউনিয়ন | পশ্চিম দাউদপুর জামে মসজিদ পিছ রাস্তা হতে হসন আলী গংদের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ১৯ | সিলাম ইউনিয়ন | আগত চরমোহাম্মদপুর সমম্পদখাল হইতে ছোয়াদ আলী গংদের বাড়ী পর্যন্ত গ্রামের রাস্তা সি সি ঢালাই দ্বারা উন্নয়ন। | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ২০ | সিলাম ইউনিয়ন | রুস্তমপুর পূর্ব পাড়া করবস্থানের রাস্তা সি সি ঢালাই দ্বারা উন্নয়ন। | এডিপি | ১,৫০,০০০.০০ | |
| ২১ | সিলাম ইউনিয়ন | আকিলপুর গ্রামের এখলাছ আলীর বাড়ির সামনের রাস্তার অসমাপ্ত অংশ সিসি ঢালাই। | এডিপি | ৪,০০,০০০.০০ | |
| ২২ | সিলাম ইউনিয়ন | ইলাশপুর দাখিল মাদ্রাসার সামনের রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ২৩ | কামালবাজার ইউনিয়ন | দক্ষিণ ক্রোরীগ্রাম ঝিনুক চন্দের বাড়ির রাস্তা সিসি ঢালাই- | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ২৪ | কামালবাজার ইউনিয়ন | মুন্সীরগাঁও মেইন রাস্তা হইতে হারু মিয়ার বাড়ির রাস্তা সিসি ঢালাই | এডিপি | ১,০০,০০০.০০ | |
| ২৫ | কামালবাজার ইউনিয়ন | পুরানগাঁও রশীদ মিয়ার বাড়ির রাস্তা সিসি ঢালাই | এডিপি | ২,০০,০০০.০০ | |
| ২৬ | কামালবাজার ইউনিয়ন | জনমঙ্গাল সরকারি প্রাথমিক স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ। | এডিপি | ৩,০০,০০০.০০ | |
| ২৭ | কামালবাজার | কামালবাজার নভাগি জামে মসজিদ উন্নয়ন | এডিপি | ৩,৫০,০০০.০০ | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ইউনিয়ন | | | |
| ২৮ | লালাবাজার ইউনিয়ন | ৮ নং ওয়ার্ডের পশ্চিম রাজাপুরের যৌথ রাস্তায় সিসি ঢালাই | এডিপি | ৩,০০,০০০.০০ |
| ২৯ | লালাবাজার ইউনিয়ন | মীরেরচক জামে মসজিদের সামন হতে মতিন মিয়ার বাড়ির সামনের রাস্তার মধ্যবর্তী অসমাপ্ত অংশ সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ |
| ৩০ | লালাবাজার ইউনিয়ন | কুতুবপুর এলজিডি রাস্তা হইতে ছালেক গংদের বাড়ির রাস্তা উন্নয়ন | এডিপি | ৩,০০,০০০.০০ |
| ৩১ | জালালপুর ইউনিয়ন | সমসপুর মাসুক মিয়ার বাড়ির সামনের রাস্তার ঢালাইর মুখ হতে আব্দুল নূর সাহেবের বাড়ির সামনের রাস্তায় সিসি ঢালাই। | এডিপি | ২,০০,০০০.০০ |
| ৩২ | জালালপুর ইউনিয়ন | শেখপাড়া গ্রামের হযরত শাহ মঈন উদ্দিন (র.) আওলিয়ার মাজারের গেইট হতে জালালপুর ভূমি অফিস পর্যন্ত রাস্তার পাশে গাইড ওয়াল নির্মাণ। | এডিপি | ১,৫০,০০০.০০ |
| ৩৩ | জালালপুর ইউনিয়ন | আনিলগঞ্জ উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল/গাইড ওয়াল নির্মাণ। | এডিপি | ১২,০০,০০০.০০ |
| ৩৪ | জালালপুর ইউনিয়ন | কাদিপুর পাকা রাস্তা হতে আলমদ্বীন পাকা রাস্তা পর্যন্ত সিসি ঢালাই। | এডিপি | ৮,০০,০০০.০০ |
| ৩৫ | জালালপুর ইউনিয়ন | মোকাম দোয়ার জামে মসজিদের সামনের রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ১,০০,০০০.০০ |
| ৩৬ | সিলাম ইউনিয়ন | দারুল আমান একাডেমীর রাস্তা সিসি ঢালাই। | এডিপি | ১,০০,০০০.০০ |
| ৩৭ | | উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ০.৫% কন্টিনজেন্সি অথ উপজেলার উন্নয়ন প্রকল্পের জন্য আনুষাংগিক ব্যয় এবং উন্নয়ন প্রকল্প তদারকির ব্যয় বাবদ। | এডিপি | ৪৫,৫০০.০০ |
| ৩৮ | তেতলী ইউনিয়ন | বলদী ১নং রোডের ব্রীজের সামন হতে আমর খালের ব্রীজ পর্যন্ত অসম্পূর্ণ রাস্তা সিসি ঢালাই। | এডিপি (১০% অতিরিক্ত) | ৩,০০,০০০.০০ |
| ৩৯ | মোগলাবাজার ইউনিয়ন | সিলেট-ফেঞ্চুগঞ্জ আরএইচডি রোড হতে মাহমুদাবাদ গ্রামের নিজাম মিয়া গংদের পাড়ার রাস্তা সিসি ঢালাই। | এডিপি (১০% অতিরিক্ত) | ২,০০,০০০.০০ |
| ৪০ | সিলাম ইউনিয়ন | নিজ সিলাম জামে মসিজিদের সামন হতে আলফু মিয়া সাহেবের বাড়ির সামন পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | এডিপি (১০% অতিরিক্ত) | ৩,০০,০০০.০০ |
| ৪১ | মোল্লারগাঁও ইউনিয়ন | ১নং ওয়ার্ডের মন্দিরখলা গ্রামের ১নং রাস্তার খান বাড়ির সামনের রাস্তার পশ্চিম পাশে গাইড ওয়াল নির্মাণ। | এডিপি (১০% অতিরিক্ত) | ১,০০,০০০.০০ |
| ৪২ | মোগলাবাজার ইউনিয়ন | ২নং ওয়ার্ডের নাজিরের চক গ্রামের রেল লাইনের পশ্চিমাংশ সিসি ঢালাই হতে আব্দুল বাড়ি গংদের বাড়ির রাস্তায় সিসি ঢালাই। | এডিপি (১০% অতিরিক্ত) | ১,০০,০০০.০০ |
| ৪৩ | তেতলী ইউনিয়ন | নিশ্চিন্তপুর মসজিদের এলজিডি রাস্তার সামন হইতে হাজী দসু মিয়া গংদের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন | এডিপি (৫% লেস) | ৪,০০,০০০.০০ |
| ৪৪ | | উপজেলা পরিষদ সংলগ্ন রাস্তার ইউ-ড্রেন মেরামত | এডিপি | ৬৮,৩০০.০০ |
| | | | | ১,০৬,১৩,৮০০.০০ |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | স্কীমের নাম | তহবিলের নাম | প্রাক্কলিত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪৫ | তেতলী ইউনিয়ন | তেতলী বিশ্ব রোড এর সামন হতে টিলাবাড়ি বদরুল মিয়ার বাড়ির সামন পর্যন্ত সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের ৪৫ হতে ৬০ নং এবং ৬৮ হতে ৭৩ প্রকল্পসমূহ এলটিএম পদ্ধতির মাধ্যমে, ৬১,৬৩,৬৪ নং প্রকল্প কমিটির মাধ্যমে এবং ৬২, ৬৫,৬৬, ৭৪, ৭৫, ৭৬ নং প্রকল্পসমূহ আরএফকিউ কোটেশন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ৪৬ | তেতলী ইউনিয়ন | রাজিবাড়ী লালারগাঁও মসজিদের সামন হইতে ইব্রাহিম আলীর বাড়ির সামন পর্যন্ত সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৪৭ | তেতলী ইউনিয়ন | বলদি কেন্দ্রীয় জামে মসজিদের সামনের ড্রেন নির্মাণ। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৪৮ | মোল্লারগাঁও ইউনিয়ন | লতিপুর মেইন রাস্তা হতে সালাম মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ১,৫০,০০০.০০ | |
| ৪৯ | মোল্লারগাঁও ইউনিয়ন | ০৯ নং ওয়ার্ডের বেঠুয়ারমুখ গ্রামের সোনাহর আলী সাহেবের বাড়ীর উত্তরের ব্রীজ পূর্ব দিক হইতে গ্রামের মেইন রাস্তা পর্যন্ত সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ৩,০০,০০০.০০ | |
| ৫০ | মোল্লারগাঁও ইউনিয়ন | জালালাবাদ দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয় - ড্রেন ও গাইড ওয়াল নির্মাণ বাবদ | উন্নয়ন তহবিল | ৬,৫০,০০০.০০ | |
| ৫১ | মোগলাবাজার ইউনিয়ন | গোপালগাঁও জামে মসজিদের রাস্তা ইট সলিং। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৫২ | মোগলাবাজার ইউনিয়ন | ২নং ওয়ার্ডের নাজিবের চক গ্রামের রেললাইনের পশ্চিমং সিসি ঢালাই | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৫৩ | দাউদপুর ইউনিয়ন | আল্লামা শায়দা (রহঃ) এর বাড়ির রাস্তার উন্নয়ন | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৫৪ | দাউদপুর ইউনিয়ন | লতিফা-শফি চৌধুরী ডিগ্রী কলেজের গালর্স ফ্যাসেলিটিস রুম উন্নয়ণ | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৫৫ | সিলাম ইউনিয়ন | মুক্তিযোদ্ধা আ: ছালামের বাড়ির দক্ষিণ মেইন সড়ক হতে চরমোহাম্মদপুর সরকরি প্রাথমিক বিদ্যালয় মুখী রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ৩,০০,০০০.০০ | |
| ৫৬ | সিলাম ইউনিয়ন | চারিকাটির চক গ্রামের রাস্তা রাজু আহমেদের বাড়ী পর্যন্ত রাস্তা সি সি ঢালাই দ্বারা উন্নয়ন। | উন্নয়ন তহবিল | ১,৫০,০০০.০০ | |
| ৫৭ | লালাবাজার ইউনিয়ন | খতিরা শাহী ঈদগাহর রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৫৮ | লালাবাজার ইউনিয়ন | ৩নং ওয়ার্ডের খাজাকালু কমিউনিটি ক্লিনিকের রাস্তার ইট সলিং | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৫৯ | লালাবাজার ইউনিয়ন | জয়ন্ত গোস্বামির বাড়ি থেকে লেখন মিয়ার বাড়ির সামন পর্যন্ত রাস্তার উন্নয়ন। গ্রাম: খোজনপুর নাজিরবাজার | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৬০ | জালালপুর ইউনিয়ন | টাকিরমুরা প্রাথমিক বিদ্যালয়ের এল ড্রেইন। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৬১ | | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের বিভিন্ন অফিসে পানি বিশুদ্ধকরণ ফিল্টার স্থাপনের প্রকল্প বাবদ। | উন্নয়ন তহবিল | ১,১০,০০০.০০ | |
| ৬২ | | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়রণ রিম্যুভাল প্ল্যান্ট স্থাপন বাবদ। | উন্নয়ন তহবিল | ৪,২৫,১৫০.০০ | |
| ৬৩ | | উপজেলা পরিষদের পুকুরে মাছের পোনা অবমুক্ত করণ বাবদ। | উন্নয়ন তহবিল | ১,৫০,০০০.০০ | |
| ৬৪ | | উপজেলা কৃষি অফিসের মাধ্যমে বিভিন্ন কৃষকদের মধ্যে শস্য বীজ বিতরণ বাবদ। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৬৫ | | উপজেলা পরিষদ সংলগ্ন মাঠের রাস্তা সংস্কার ও সিসি ঢালাই বাবদ। | উন্নয়ন তহবিল | ৫,০০,০০০.০০ | |
| ৬৬ | | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের সামনের রাস্তা | উন্নয়ন | ৩,৬০,০০০.০০ | |



CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সিসি ঢালাই বাবদ। | তহবিল | | |
| ৬৭ | | উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ০.৫% কন্টিনজেন্সি অথ উপজেলার উন্নয়ন প্রকল্পের জন্য আনুষাংগিক ব্যয় এবং উন্নয়ন প্রকল্প তদারকির ব্যয় বাবদ। | উন্নয়ন তহবিল | ২৫,৭২৫.০০ | |
| ৬৮ | জালালপুর | সেনগ্রামের জনাব আত্তর আলী সাহেবের বাড়ির পেছন হতে কাঞ্চন দাসের বাড়ির সম্মুখ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৬৯ | জালালপুর ইউনিয়ন | হাসামপুর গ্রামের ধরপাড়া ও পূর্ব পাড়ার মধ্যস্থলে পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ। | উন্নয়ন তহবিল | ১,৫০,০০০.০০ | |
| ৭০ | সিলাম | চরমোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্বের রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৭১ | সিলাম | মেইন সড়ক হতে চরমোহাম্মদপুর গ্রামের উত্তরমুখী রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ২,০০,০০০.০০ | |
| ৭২ | কামালবাজার ইউনিয়ন | শৈষ্যউরা আজাদ মিয়ার বাড়ির রাস্তা সিসি ঢালাই | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| ৭৩ | কামালবাজার ইউনিয়ন | ৫নং ওয়ার্ডের গ্রাম পুলিশ আলতা মিয়া বাড়ির সামনের রাস্তা সিসি ঢালাই। | উন্নয়ন তহবিল | ১,০০,০০০.০০ | |
| | | | | **৫৫,৭০,৮৭৫.০০** | |
| ৭৪ | | উপজেলা পরিষদের কনফারেন্স রুমের সংস্কার কাজ। | রাজস্ব তহবিল | ৫,৫০,০০০.০০ | |
| ৭৫ | | উপজেলা পরিষদেও কনফারেন্স রুমের আসবাবপত্র মেরামত ও ক্রয়। | রাজস্ব তহবিল | ৫,৫০,০০০.০০ | |
| ৭৬ | | উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টারের ৩য় তলা (পূর্ব পার্শ্বের ইউনিট) মেরামত ও সংস্কার বাবদ। | রাজস্ব তহবিল | ৩,০০,০০০.০০ | |
| | | | | **১৪,০০,০০০.০০** | |
| | | | | | |

<u>সিদ্ধান্ত-১</u>: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপরিউক্ত প্রকল্প গুলো অনুমোদন করা হয় এবং দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ৭৪, ৭৫ ও ৭৬ নং প্রকল্পসমূহ অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

<u>প্রস্তাব-২</u>: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ ডিসেম্বর/২০২৩ মাসে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা খরচ হয়েছে।

(খ) ১৪৩১ বাংলা সনে হাটবাজার ও ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জন্য জলমহাল ইজারার নিমিত্ত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিল দৈনিক সিলেটের ডাক (হাটবাজার) ২৯,৫৩২/- টাকা (জলমহাল) ২৯,৫৩২/- টাকা এবং দৈনিক শ্যামল সিলেট ৩৩,৩০৪/- টাকার বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।

(গ) মহান স্বাধীনতা দিবস উদযাপন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন।

(ঘ) চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের জন্য চারটি এলইডি টিউবলাইট ক্রয় বাবদ ৩,৪০০/- (তিন হাজার চারশত) টাকা প্রয়োজন।

(ঙ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত-২</u>: (ক) চেয়ারম্যান মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ ডিসেম্বর/২০২৩ মাসে ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ১৪৩১ বাংলা সনে হাটবাজার ও ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জন্য জলমহাল ইজারার নিমিত্ত পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির বিল দৈনিক সিলেটের ডাক (হাটবাজার) ২৯,৫৩২/- টাকা (জলমহাল) ২৯,৫৩২/- টাকা এবং দৈনিক শ্যামল সিলেট ৩৩,৩০৪/- টাকার



CamScanner

বিল রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) মহান স্বাধীনতা দিবস উদযাপন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের জন্য চারটি এলইডি টিউবলাইট ক্রয় বাবদ ৩,৪০০/- (তিন হাজার চারশত) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসা বাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: ১৪৩১ বাংলা সনে হাটবাজার ইজারার ১ম পর্যায়ে রাখালগঞ্জ বাজার ও মোগলাবাজারে দরপত্র পাওয়া যায়। ২য় পর্যায়ে বৈরাগীবাজার ইজারার দরপত্র পাওয়া যায়। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যাছাই-বাছাই করে রাখালগঞ্জ বাজার ২,৯৯,২০০/- টাকা, মোগলাবাজার ৬,১২,০০০/- টাকা এবং বৈরাগীবাজার ৯০০/- টাকা ইজারামূল্যে ১৪৩১ বাংলা সনের জন্য সর্বোচ্চ দরপত্র দাতা বরাবর ইজারা প্রদানের নিমিত্ত সুপারিশ করা হয়। সভায় বিষয়টি উত্থাপন করা হয়।

সিদ্ধান্ত-৩: দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক রাখালগঞ্জ বাজার ২,৯৯,২০০/- টাকা, মোগলাবাজার ৬,১২,০০০/- টাকা এবং বৈরাগীবাজার ৯০০/- টাকা ইজারামূল্যে ১৪৩১ বাংলা সনের জন্য সর্বোচ্চ দরপত্র দাতা বরাবর প্রস্তাবকৃত সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: চেয়ারম্যান, ১নং মোল্লারগাঁও ইউপি সভায় জানান যে, মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদের দফাদার জনাব জফুর আলী বিগত ০৩/০৭/২০২২ তারিখ চাকুরী হতে অবসর গ্রহণ করেন। মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদের ৩১/০৭/২০২২ তারিখের সভায় উক্ত কর্মচারীকে বিধি মোতাবেক পেনশন ভাতা মঞ্জুরের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সভায় অবসরপ্রাপ্ত দফাদার জনাব মো: জফুর আলীকে বিধি মোতাবেক আনুতোষিক ভাতা প্রদানের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-৪: অর্থ বিভাগের ২৬/০১/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১২৯.০০.০০৩.১২.১৫ নম্বর স্মারকে দফাদার পদে অবসর গ্রহণকালে এককালীন ৬০,০০০/- (ষাট হাজার) টাকা (যার ৫০% সরকারি কোষাগার হতে এবং অবশিষ্ট ৫০% ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে) প্রদানের নির্দেশনার আলোকে মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদের অবসরপ্রাপ্ত দফাদার জনাব মো: জফুর আলীকে ইউপি অংশ ৫০% অর্থ ৩০,০০০/- টাকা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি অংশ ৫০% অর্থ ৩০,০০০/- টাকা পরিশোধের নিমিত্ত চাহিদাপত্র জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, টিআর/কাবিখা/কাবিটার ২য় পর্যায়ের প্রকল্প তালিকা জেলায় পাঠানো হয়েছে। প্রত্যেক ইউনিয়নে ৪১০টি করে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

**০৪। স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, সার্জারী করার সময় হঠাৎ লোডশেডিং হয়। কিন্তু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোন জেনারেটর নেই। তাই অন্ততপক্ষে অপারেশন থিয়েটারের জন্য একটি জেনারেটর এর ব্যবস্থা করে দেয়ার জন্য তিনি প্রস্তাব উত্থাপন করেন।

**০৫। পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**০৬। কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**০৭। প্রাণি সম্পদ বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

**০৮। মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সকলকে ফাগুনের শুভেচ্ছা জানান। তিনি বলেন বিষ প্রয়োগে মাছ ধরা দন্ডনীয় অপরাধ। বিষ প্রয়োগে কোথাও মাছ শিকার করা হলে তাকে জানানোর জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।



CamScanner

০৯। **<u>শিক্ষা বিভাগ</u> :** উপজেলা শিক্ষা অফিসার শিক্ষা বলেন যে, বলদী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সূর্যমুখী সরকারি প্রাথমিক বিদ্যালয়, করিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ইনাতআলীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মির্জানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাখালগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়, জনমঙ্গল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে/সম্মুখে মাটি ভরাট করা জরুরী। এ বিষয়ে তিনি জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

১০। **<u>মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u>** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১১। **<u>সমাজসেবা বিভাগ:</u>** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **<u>সমবায় বিভাগ:</u>** অনুপস্থিত।

১৩। **<u>মহিলা বিষয়ক বিভাগ</u> :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ৮মার্চ আন্তর্জাতিক নারী দিবস। উক্ত দিবসে তিনি সকলের সানুগ্রহ উপস্থিতি কামনা করেন।

১৪। **<u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u> :** সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। **<u>পল্লী উন্নয়ন বিভাগ</u> :** অনুপস্থিত।

১৬। **<u>যুব উন্নয়ন বিভাগ</u> :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, এক মাস মেয়াদী ফ্রি যানবাহন প্রশিক্ষণ দেয়া হবে। উক্ত প্রশিক্ষণে কেউ আগ্রহী থাকলে যুব উন্নয়ন অফিসে যোগাযোগ করার জন্য বলেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **<u>বিবিধ</u> : (ক) <u>জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত</u> :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

<u>সিদ্ধান্ত:</u> বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে:</u> ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ২৮/০২/২৪

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।



CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.১৭৮/১ তারিখঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ......................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ..........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২৮/০২/২৪

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৭। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | ২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৮। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |



CamScanner